**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**26 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

আজ সংবিধান দিবস । কেন্দ্রীয় যুব পরিক্রমা এবং ক্রীড়ামন্ত্রী মনসুখ মন্ডাভিয়া গতকাল নতুন দিল্লীতে আমাদের সংবিধান - আমাদের স্বাভিমান পদযাত্রায় অংশ গ্রহণ করেন । সংবিধান দিবসের সঙ্গে সঙ্গতি রেখে এবং ভারতের গণতান্ত্রিক যাত্রায় সংবিধান নির্মাতাদের অবাদানকে স্মরণ করে এই পদযাত্রার আয়োজন করা হয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী পীযুষ গোয়েল , অর্জুন রাম মেঘাওয়াল , কিরেন রিজিজু, গজেন্দ্রসিং শেখাওয়াত সহ বেশ কয়েকজন সাংসদ এবং অলিম্পিকে অংশ গ্রহণ করা খেলোওয়াড় পদ যাত্রায় অংশ গ্রহণ করেন ।

---

কাছাড় জেলায় আজ সংবিধান দিবস পালন করা হচ্ছে । আমাদের সংবিধান , আমাদের স্বাভিমান প্রচারাভিযানের অধীনে বছরব্যাপী কার্যসূচীর মাধ্যমে সংবিধান দিবস পালন করা হবে । এ উপলক্ষে আজ সরকারী কার্য্যলয় ও শিক্ষা প্রতিষ্টানে শপথ গ্রহন করা হবে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ আগামী বছর অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার আবেদনপত্র পূরণ করার জন্য গতকাল পুনরায় পোর্টাল খোলে দিয়েছে । এ অনুসারে আবেদনপত্র পূরণ করার যেসব কাজ বাকি রয়েছে তা আজকের মধ্যে সম্পূর্ণ করতে নির্দেশ দেওয়া হয়েছে । পর্ষদ জানিয়েছে যে আগে আবেদনপত্র পূরণ করার সময় যদি কোনধরণের ভূল-ভ্রান্তি হয়ে থাকে তবে আজকের মধ্যে তা সংশোধন করা যাবে । একই ভাবে আজ মাশুল আদায়ের শেষ তারিখ বলে জানানো হয়েছে । উল্লেখ্য আগামী বছর অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য পর্ষদ অন-লাইন পোর্টালের মাধ্যমে আবেদনপত্র পূরণের দিন ঘোষণা করেছিল । এ অনুসারে গত ২৩শে অক্টোবর থেকে ১৪ই নভেম্বর পর্যন্ত এই আবেদনপত্র পূরন করতে হবে বলে ঘোষণা করলেও ছাত্র-ছাত্রদের সুবিদার্থে গতকাল পুনরায় এই পোর্টাল খোলে দেওয়া হয়েছে । আবেদনপত্র পূরণ করার সময়সীমা পরবর্তী সময়ে আর বৃদ্ধি করা হবে না বলে পর্ষদ স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে । একই সঙ্গে অফ-লাইনে কোন ধরণের আবেদনপত্র গ্রহণ করা হবে না বলে পরিষদ জানিয়েছে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আগামী ১৫ই ফেব্রুয়ারী থেকে অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষার সময়সূচী ঘোষণা করেছে । এই পরীক্ষা আগামী তেসোরা মার্চ পর্যন্ত চলবে । পর্ষদের ঘোষণা অনুযায়ী প্র্যাক্তিকেল পরীক্ষাগুলো ২১ ও ২২ জানুয়ারি অনুষ্ঠিত হবে ।

---

কাছাড় জেলা উন্নয়ন কমিটির এক সভা গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে অনুষ্টিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় পঞ্চদশ অর্থ কমিশনের দ্বিতীয় কিস্তির অধীনে

বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের বিশয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত  অর্ধ সমাপ্ত কাজগুলি অবিলম্বে শেষ করার নির্দেশ দিয়েছেন ।

---

শ্রীভূমি পৌরসভা উপ-সভাপতি এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি পৌর এলাকার ব্যবসায়ীদের নিজেদের ব্যবসা প্রতিষ্ঠানের পরিচয় ফলক বা সাইন বোর্ডে করিমগঞ্জ নাম পরিবর্তন করে শ্রীভূমি নাম ব্যবহার করতে আহ্বান জানিয়েছেন । উল্লেখ্য রাজ্য সরকার গত ২১শে নভেম্বর অধিসূচনা জারী করে করিমগঞ্জ শহর ও জেলার নাম পরিবর্তন করে শ্রীভূমি করেছে ।

---

হাইলাকান্দি জেলা পশু চিকিৎসা বিভাগের উদ্যোগে গতকাল লক্ষীনগর চা বাগানের নাচ ঘরে বন্ধ্যা গাভী গরুর চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে মোট ৫৬টি গাভীর প্রজনন সংক্রান্ত বিভিন্ন রোগের চিকিৎসা করা হয়েছে । উল্লেখ্য বন্ধ্যাত্বের শিকার গাভী-গরুর চিকিৎসা করে কৃত্রিম প্রজননের মাধ্যমে  উন্নত জাতের গরুর বাচ্চা দেওয়া যায় বলে পশু চিকিৎসা বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

কাছাড়ের শিল্প ও বানিজ্য কেন্দ্র বিভাগের আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার গ্রীন টি চা পাতা শিল্পকে সমৃদ্ধ করতে সেস ইউটিলাইজেশন (সংশোধিত) নীতি-২০১৭-এর অধীনে গ্রীন টি চা পাতা পরিবহনের জন্য নতুন ভূর্তুকি প্রকল্প চালু করা হয়েছে । প্রকল্পে নিবন্ধিত আত্ম-সহায়ক গোষ্ঠী , পার্টনারশিপ ফার্ম , কো-অপারেটিভ সোসাইটি এবং

সম্পূর্নভাবে তপশিলি উপজাতি গোষ্ঠীর মালিকানাধীন কোম্পানীগুলি আবেদন করতে পারবে । পরিবহনের জন্য ব্যবহৃত প্রতিটি গাড়ি মূল খরচের ৭৫ শতাংশ পর্য্যন্ত ভূর্তুকি দেওয়া হবে । বিশদ বিবরনের জন্য জেলা শিল্প ও বানিজ্য কেন্দ্রের জেনারেল ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

শিলচরের মহকুমা কল্যান আধিকারিকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে ২০২৪-২৫ সালের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রথম থেকে অষ্টম শ্রেনীতে অধ্যয়নরত তপশিলি উপজাতি ছাত্রদের জন্য প্রাক ম্যাট্রিক বৃত্তির জন্য নির্ধারিত প্রপত্র পূরন করে আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে জমা করা যাবে । বিশদ বিবরনের জন্য শিলচরের মহকুমা কল্যান আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

---